গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
২৮, শহীদ তাজ উদ্দীন আহমেদ স্মরণী
তেজগাঁও, ঢাকা- ১২০৮।
web : www.dgdlrs.gov.bd

১৬২

## মৌসুমী সরদার আমিন, বদর আমিন ও চেইনম্যান নিয়োগের নীতিমালা

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের আওতাধীন জোনাল/ রিভিশনাল/ দিয়ারা সেটেলমেন্টে মৌসুমী কর্মচারী নিয়োগের জন্য যাচাই-বাছাই কমিটি নিম্নরূপভাবে গঠিত হবে ঃ

| | |
|---|---|
| ১। সংশ্লিষ্ট সেটেলমেন্ট অফিসার | সভাপতি |
| ২। সংশ্লিষ্ট জেলা প্রশাসকের প্রতিনিধি একজন সিনিয়র সহকারী কমিশনার | সদস্য |
| ৩। ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের প্রতিনিধি | সদস্য |
| ৪। সংশ্লিষ্ট সেটেলমেন্টের জেষ্ঠ্য চার্জ অফিসার/ সদর সহকারী সেটেলমেন্ট অফিসার | সদস্য |
| ৫। সংশ্লিষ্ট সেটেলমেন্টের কারিগরী উপদেষ্টা | সদস্য |

উক্ত কমিটি সংশ্লিষ্ট জোনাল/ রিভিশনাল/ দিয়ারা সেটেলমেন্টের সদর দপ্তরের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক সরদার আমিন, বদর আমিন ও চেইনম্যান যথাযথ যাচাই-বাছাইপূর্বক নিয়োগের সুপারিশ করবে। সরদার আমিন, বদর আমিন ও চেইনম্যান নিয়োগের ক্ষেত্রে কমিটি নিম্নলিখিত নীতিমালা অনুসরণ করবে।

### মৌসুমী কর্মচারী নিয়োগের সাধারণ নিয়মাবলী ঃ

(ক) প্রতিটি জোন/ সেটেলমেন্ট ইতোপূর্বে নিয়োগকৃত মৌসুমী কর্মচারীদের জেষ্ঠ্যতা মোতাবেক একটি তালিকা সংরক্ষণ করবে।

(খ) নিয়োগ কমিটি মৌসুমী কর্মচারীদের উক্ত তালিকা থেকে জেষ্ঠ্যতা মোতাবেক প্রয়োজনীয় সংখ্যক কর্মচারীদের একটি প্যানেল/ তালিকা তৈরী করবে। অতিরিক্ত ১০% কর্মচারীর অপেক্ষমান তালিকা করতে হবে।

(গ) জোন/ সেটেলমেন্ট ভিত্তিক এবং জেলা ভিত্তিক দু'টি পৃথক তালিকা করতে হবে।

(ঘ) তালিকা/ প্যানেল তৈরী করার জন্য কোন বিজ্ঞপ্তি প্রকাশ/ দরখাস্ত আহ্বান বা সাক্ষাৎকার গ্রহণ করা যাবে না।

(ঙ) নিয়োগবর্ষে মৌসুমী কর্মচারীদের বয়স ৫৫ বছরের উর্ধ্বে হবে না। তবে মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা হবে ৫৬ বছর।

F:\presentations\amin\recruitment rules of seasonal stuff.doc

Scanned by CamScanner

(চ) প্রস্তুতকৃত তালিকা থেকে জেষ্ঠ্যতার ক্রমানুসারে সেটেলমেন্ট অফিসার/ জোনাল সেটেলমেন্ট অফিসার এ নিয়োগ প্রদান করবেন। তবে মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ইহা শিথিলযোগ্য এবং এক্ষেত্রে মুক্তিযোদ্ধাদের অগ্রাধিকার দিতে হবে।

(ছ) যে জেলায় কাজ হবে, ঐ জেলার তালিকা/ প্যানেলভুক্ত কর্মচারীদের নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে। সংশ্লিষ্ট জেলায় প্রয়োজনীয় সংখ্যক মৌসুমী কর্মচারী পাওয়া না গেলে, উক্ত জোনের পার্শ্ববর্তী জেলা হতে মেধাক্রম অনুযায়ী নিয়োগ দিতে হবে।

(জ) কমিটি বিশেষ যোগ্যতা/ দক্ষতা বিবেচনায় জেষ্ঠ্যতা বহির্ভুত ৫% কর্মচারীর নাম সুপারিশ করতে পারবে।

সরদার আমিন পদের যোগ্যতা ও নিয়োগ বিষয়ক অতিরিক্ত নিয়মাবলী :

১। ইতোপূর্বে কালো তালিকাভুক্ত হলে অথবা কাজ করতে যথোপযুক্ত না হলে ঐ ব্যক্তি সরদার আমিন পদে নিয়োগের অনুপযুক্ত হবেন।

২। পূর্ববর্তী বছরের তুলনায় চলতি বছরে অধিক সংখ্যক সরদার আমিন নিয়োগের প্রয়োজন হলে পূর্ববর্তী বছরের যোগ্য সরদার আমিনগণকে উপরের সাধারণ নিয়মাবলী অনুসরণপূর্বক আমিনদের অভিজ্ঞতার ভিত্তিতে নিয়োগ দানের পর অবশিষ্ট শুন্য পদে তৎপূর্ববর্তী বছরের সরদার আমিনের নিয়োগের তালিকা থেকে উপরে বর্ণিত নীতিমালা অনুসরণপূর্বক জেষ্ঠ্যতার ক্রমানুযায়ী নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এর পরও সরদার আমিনের পদ শুন্য থাকলে উপরের সাধারণ নিয়মাবলী অনুসরণপূর্বক পূর্ববর্তী বছরসমূহের সরদার আমিন নিয়োগের তালিকা থেকে জেষ্ঠ্যতার ক্রমানুযায়ী সরদার আমিন নিয়োগ করতে হবে।

৩। উপরোক্তরূপে পূর্ববর্তী বছরসমূহের সরদার আমিন নিয়োগের সকল তালিকায় উল্লিখিত সকল সরদার আমিনগণকে উপরের সাধারণ নিয়মাবলী অনুসরণপূর্বক নিয়োগ করার পরও সরদার আমিনের আরও শুন্য পদ অবশিষ্ট থাকলে উপরে বর্ণিত নীতিমালা অনুসরণপূর্বক অন্যান্য জোনাল/ রিভিশনাল/ দিয়ারা সেটেলমেন্টের পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন সরদার আমিনদের মধ্য হতে যোগ্য প্রার্থীদের অভিজ্ঞতা, দক্ষতা ও মেধার ভিত্তিতে বাছাইপূর্বক নিয়োগ করতে হবে।

৪। উপরোক্তরূপে সরদার আমিন নিয়োগ করার পরও সরদার আমিনের আরও শুন্য পদ থাকলে উক্ত শুন্য পদসমূহে নতুনভাবে সরদার আমিন নিয়োগ করা যাবে। তবে ইতোপূর্বে বদর আমিন হিসেবে দায়িত্ব পালন করেছেন, কেবলমাত্র তাদের মধ্য থেকে পূর্ব-অভিজ্ঞতা, মেধা ও যোগ্যতার ভিত্তিতে সরদার আমিন পদে নিয়োগ দান করতে হবে। ইতোপূর্বে বদর আমিন পদে কাজ করার অভিজ্ঞতা নেই, এমন কোন ব্যক্তিকে সরদার আমিন পদে নিয়োগ দেয়া যাবে না। বদর আমিন থেকে সরদার আমিন পদে নিয়োগ করার জন্য আবেদনকারীর নিম্নরূপ যোগ্যতা থাকতে হবে।

(ক) তাঁকে বাংলাদেশের নাগরিক হতে হবে ;

(খ) বদর আমিন হিসেবে ১৫ (পনের) বছর কাজ করার অভিজ্ঞতা (পূর্বের নিয়োগপত্র এবং যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করা সাপেক্ষে) ; অথবা

(গ) বদর আমিন হিসেবে ১০ (দশ) বছর কাজ করার অভিজ্ঞতা এবং মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষাগত যোগ্যতা (পূর্বের নিয়োগপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করা সাপেক্ষে) ; অথবা

(ঘ) বদর আমিন হিসেবে ৭ (সাত) বছর কাজ করার অভিজ্ঞতা এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষাগত যোগ্যতা (পূর্বের নিয়োগপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করা সাপেক্ষে) ; অথবা

(ঙ) বদর আমিন হিসেবে ৩ (তিন) বছর কাজ করার অভিজ্ঞতা এবং স্নাতক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষাগত যোগ্যতা (পূর্বের নিয়োগপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করা সাপেক্ষে) ; অথবা

(চ) বদর আমিন হিসেবে ৩ (তিন) বছর কাজ করার অভিজ্ঞতা এবং সার্ভে ডিপ্লোমাধারী শিক্ষাগত যোগ্যতা (পূর্বের নিয়োগপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করা সাপেক্ষে)।

৫। বদর আমিন পদে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিগণকে সরদার আমিন পদে নতুন নিয়োগ দান করার ক্ষেত্রে সংশ্লিষ্ট জোনাল/ রিভিশনাল/ দিয়ারা সেটেলমেন্টের বদর আমিনগণকে অগ্রাধিকার দিতে হবে।

৬। সরদার আমিন পদে নিয়োগ লাভের পর কেহ উক্ত পদে যোগদান না করলে পরবর্তী বছরে নিয়োগ লাভে তিনি অগ্রাধিকার পাবেন না।

বদর আমিন পদের যোগ্যতা ও নিয়োগ বিষয়ক অতিরিক্ত নিয়মাবলী ঃ

১। ইতোপূর্বে কালো তালিকাভুক্ত হলে অথবা কাজ করতে যথোপযুক্ত না হলে ঐ ব্যক্তি বদর আমিন পদে নিয়োগের অনুপযুক্ত হবেন।

২। পূর্ববর্তী বছরের তুলনায় চলতি বছরে অধিক সংখ্যক বদর আমিন নিয়োগের প্রয়োজন হলে পূর্ববর্তী বছরের যোগ্য বদর আমিনগণকে উপরের সাধারণ নিয়মাবলী অনুসরণপূর্বক জেষ্ঠ্যতার ক্রমানুযায়ী নিয়োগ দানের পর অবশিষ্ট শূন্য পদে তৎপূর্ববর্তী বছরের বদর আমিনের নিয়োগের তালিকা থেকে পূর্বে উল্লিখিত সাধারণ নিয়মাবলী অনুসরণপূর্বক জেষ্ঠ্যতার ক্রমানুযায়ী নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এর পরও বদর আমিনের পদ শূন্য থাকলে উপরের সাধারণ নিয়মাবলী অনুসরণপূর্বক পূর্ববর্তী বছরসমূহের বদর আমিন নিয়োগের তালিকা থেকে জেষ্ঠ্যতার ক্রমানুযায়ী বদর আমিন নিয়োগ করতে হবে।

৩। উপরোক্তরূপে পূর্ববর্তী বছরসমূহের বদর আমিন নিয়োগের সকল তালিকায় উল্লিখিত সকল বদর আমিনগণকে উপরের সাধারণ নিয়মাবলী অনুসরণপূর্বক নিয়োগ করার পরও বদর আমিনের আরও শূন্য পদ অবশিষ্ট থাকলে উপরে বর্ণিত নীতিমালা অনুসরণপূর্বক অন্যান্য জোনাল/ রিভিশনাল/ দিয়ারা সেটেলমেন্টের পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন বদর আমিনদের মধ্য হতে যোগ্য প্রার্থীদের অভিজ্ঞতা, দক্ষতা ও মেধার ভিত্তিতে বাছাইপূর্বক নিয়োগ করতে হবে।



Scanned by CamScanner

উপরোক্তরূপে দেশের সকল জোনাল/ রিভিশনাল/ দিয়ারা সেটেলমেন্ট থেকে বদর আমিন নিয়োগ করার পরও বদর আমিনের আরও শুন্য পদ থাকলে উক্ত শুন্য পদসমূহে নতুনভাবে বদর আমিন নিয়োগ করা যাবে। নতুনভাবে বদর আমিন পদে নিয়োগ লাভের জন্য আবেদনকারীর নিম্নরূপ যোগ্যতা থাকতে হবে।

(ক) তাঁকে বাংলাদেশের নাগরিক হতে হবে ;

(খ) চেইনম্যান হিসেবে ১০ (দশ) বছর কাজ করার অভিজ্ঞতা এবং মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষাগত যোগ্যতা (পূর্বের নিয়োগপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করা সাপেক্ষে) ; অথবা

(গ) বদর আমিন হিসেবে ৫ (পাঁচ) বছর কাজ করার অভিজ্ঞতা এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষাগত যোগ্যতা (পূর্বের নিয়োগপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করা সাপেক্ষে) ; অথবা

(ঘ) সার্ভে ডিপ্লোমা/ স্নাতক ডিগ্রীধারী হতে হবে (শিক্ষাগত যোগ্যতার সনদপত্র দাখিল করা সাপেক্ষে)।

৫। বদর আমিন পদে নিয়োগ লাভের পর কেহ উক্ত পদে যোগদান না করলে পরবর্তী বছরে নিয়োগ লাভে তিনি অগ্রাধিকার পাবেন না।

চেইনম্যান পদের যোগ্যতা ও নিয়োগ বিষয়ক অতিরিক্ত নিয়মাবলী ঃ

১। ইতোপূর্বে কালো তালিকাভুক্ত হলে অথবা কাজ করতে যথোপযুক্ত না হলে ঐ ব্যক্তি চেইনম্যান পদে নিয়োগের অনুপযুক্ত হবেন।

২। পূর্ববর্তী বছরের তুলনায় চলতি বছরে অধিক সংখ্যক চেইনম্যান নিয়োগের প্রয়োজন হলে পূর্ববর্তী বছরের যোগ্য চেইনম্যানগণকে উপরের সাধারণ নিয়মাবলী অনুসরণপূর্বক জেষ্ঠ্যতার ক্রমানুযায়ী নিয়োগ দানের পর অবশিষ্ট শুন্য পদে তৎপূর্ববর্তী বছরের চেইনম্যান নিয়োগের তালিকা থেকে পূর্বে উল্লিখিত সাধারণ নিয়মাবলী অনুসরণপূর্বক জেষ্ঠ্যতার ক্রমানুযায়ী নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এর পরও চেইনম্যানের পদ শুন্য থাকলে উপরের সাধারণ নিয়মাবলী অনুসরণপূর্বক পূর্ববর্তী বছরসমূহের চেইনম্যান নিয়োগের তালিকা থেকে জেষ্ঠ্যতার ক্রমানুযায়ী চেইনম্যান নিয়োগ করতে হবে।

৩। উপরোক্তরূপে পূর্ববর্তী বছরসমূহের বদর আমিন নিয়োগের সকল তালিকায় উল্লিখিত সকল চেইনম্যানগণকে উপরের সাধারণ নিয়মাবলী অনুসরণপূর্বক নিয়োগ করার পরও চেইনম্যানের আরও শুন্য পদ অবশিষ্ট থাকলে উপরে বর্ণিত নীতিমালা অনুসরণপূর্বক অন্যান্য জোনাল/ রিভিশনাল/ দিয়ারা সেটেলমেন্টের পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন চেইনম্যানদের মধ্য হতে যোগ্য প্রার্থীদের অভিজ্ঞতা, দক্ষতা ও মেধার ভিত্তিতে বাছাইপূর্বক নিয়োগ করতে হবে।

৪। উপরোক্তরূপে দেশের সকল জোনাল/ রিভিশনাল/ দিয়ারা সেটেলমেন্ট থেকে চেইনম্যান নিয়োগ করার পরও চেইনম্যানের আরও শুন্য পদ থাকলে উক্ত শুন্য পদসমূহে নতুনভাবে চেইনম্যান নিয়োগ করা যাবে। নতুনভাবে চেইনম্যান পদে নিয়োগ লাভের জন্য আবেদনকারীর নিম্নরূপ যোগ্যতা থাকতে হবে।



Scanned by CamScanner

(ক) তাকে বাংলাদেশের নাগরিক হতে হবে ;

(খ) এস.এস.সি পাশ হতে হবে ;

(গ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হ্‌

(ঘ) বয়সসীমা ১৮ বছর থেকে ৩০ বৎ, হতে হবে।

৫। চেইনম্যান পদে নতুন নিয়োগ দান করার ক্ষেত্রে ৎ ্মে সংশ্লিষ্ট জোনাল/ রিভিশনাল/ দিয়ারা সেটেলমেন্টের আওতাধীন এলাকার এবং ক্রমান্বয়ে নিকটতম জোনাল/ রিভিশনাল/ দিয়ারা সেটেলমেন্টের স্থায়ী বাসিন্দাগণকে অগ্রাধিকার দিতে হবে।

৬। চেইনম্যান পদে নিয়োগ লাভের পর কেহ উক্ত প৻ দান না করলে পরবর্তী বছরে নিয়োগ লাভে তিনি অগ্রাধিকার পাবেন না।

৭। এ নীতিমালা আংশিক বা সম্পূর্ণ সংশোধন বা পরিবর্তনের অধিৎ... ক্ষণ করেন।

৮। এ নীতিমালা অবিলম্বে কার্যকরী হবে এবং ইতিপূর্বে ৬ ়ুকৃত নীতিমালা বাতিল বলে গণ্য হবে।

২৯/৪/১০

(ড. এম আসলাম আলম)
মহাপরিচালক
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
info.dlrs@gmail.com
ফোন : ৮১১২৩৮০

স্মারক নং- ভূঃরেঃ/ ১৭৯/ ২০০৮/ ৭৫২ (২৫) তারিখ ১৬/০১/১৪১৭ বঙ্গাব্দ
২৯/৪/২০১০ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনু... প্রেরণ করা হলো :

১। সেটেলমেন্ট অফিসার/ জোনাল সেটেলমেন্ট অ... র ---------------------------------- (সকল)।

২। উপ-পরিচালক ---------------------------- ... কর্ড ও জরিপ অধিদপ্তর।

৩। পি.এ টু মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।

৪। পি.এ টু পরিচালক ------------------- (সকল), ভূমি ে ...র্ড ও জরিপ অধিদপ্তর।

২৯/৪/১০

(এ.বি.এম ফজলুর রহমান)
উপ-পরিচালক (সে.অপা-১)
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
ফোন : ৯১২৫৫৯৭

F:\presentations\amin\recruitment rules of seasonal stuff.doc

Scanned by CamScanner